

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَيَنْتَهِيَنَّ أَقْوَامٌ عَنْ رَفْعِهِمْ أَبْصَارَهُمْ عِنْدَ الدُّعَاءِ فِي الصَّلَاةِ إِلَى السَّمَاءِ أَقْ لَتُخْطَفَنَّ أَبْصَارهم» . رَوَاهُ مُسلم

#### বাংলা

৯৮৩-[৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ লোকেরা যেন সালাতে দু'আ করার সময় ন্যরকে আসমানের দিকে ক্ষেপন না করে। অন্যথায় তাদের দৃষ্টিকে ছোঁ মেরে নেয়া হবে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৪২৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: সালাতরত অবস্থায় আকাশের দিকে তাকানো নিষেধ হওয়ার কারণ এই যে, এতে মুসল্লী সালাতের অবস্থা থেকে বেরিয়ে যায় এবং কিবলামুখী থাকার যে নিয়ম তা থেকেও সে বিমুখ হয়।

হাদীসের শিক্ষাঃ

সালাতরত অবস্থায় আকাশের দিকে তাকানো হারাম। শাফি'ঈদের নিকট তা মাকরাহ।

ইবনু হাযম বলেনঃ এতে সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্ট হয়। সালাত ব্যতীত সাধারণ দু'আর সময় আকাশের দিকে তাকানো সম্পর্কে কাযী শুরাইহ বলেনঃ তা মাকরূহ। তবে অধিকাংশ 'আলিমদের মতে তা বৈধ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন